# Times Today BD

সিনিয়র রিপোর্টার | আন্তর্জাতিক | 13 April, 2025

ইসরায়েলে তিনটি রকেট হামলা করেছে ফিলিস্তিনের স্বাধীনতাকামী সশস্ত্র সংগঠন হামাস। এই হামলার ফলে দেশটিতে সতর্কতামূলক সাইরেন বেজে উঠে।তবে এ ঘটনায় কেউ হতাহত হয়নি।

টেলিগ্রাম চ্যানেলে শনিবার এক বিবৃতিতে এ হামলার কথা স্বীকার করেছে হামাসের সশস্ত্র শাখা কাসসাম ব্রিগেড।তারা বলেছে, ইসরায়েলের নির ইৎজাক এলাকায় 'রাজুম' নামের স্বল্প-পাল্লার তিনটি রকেট নিক্ষেপ করা হয়েছে।

এর আগে ইসরায়েল জানিয়েছিল, গাজা থেকে ছোড়া তিনটি রকেট তারা প্রতিহত করেছে।গেল সপ্তাহেও ফিলিস্তিনের গাজা উপত্যকা থেকে ইসরায়েলের আশদোদ শহরে ১০টি রকেট হামলা চালিয়েছিল হামাস।

এদিকে গাজা গাজায় বেসামরিক লক্ষ্যবস্তুগুলোয় ইসরায়েলি হামলা প্রতিনিয়তই বাড়ছে। সম্প্রতি ইসরাইলের ৩৬টি হামলা বিশ্লেষণ করে দেখা গেছে, বেশির ভাগ হামলায়ই নারী ও শিশুদের টার্গেট করা হয়েছে।এ ছাড়াও ১৮ মার্চ থেকে ৯ এপ্রিল পর্যন্ত আবাসিক ভবনও শরণার্থী তাঁবুতে ইসরাইলি হামলার প্রায় ২২৪টি ঘটনা ঘটেছে।

ইসরায়েল ফিলিস্তিন হামাস

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 02:12

URL: https://www.timestodaybd.com/public/international/274466700